

ঝিকরগাছা উপজেলা পরিষদ
ঝিকরগাছা, যশোর

স্মারক নং:৪৪.০৩.৪১২৩.০০৭.০৮.২৩.২৪-১৩২

তারিখ: ২১ অক্টোবর ২০২৪ খ্রি.

উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটির সাধারণ সভার কার্যবিবরণী:

সভার তারিখ : ২১.১০.২০২৪ খ্রি.
সময় : দুপুর ২.৩০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, ঝিকরগাছা, যশোর
উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী আলোচনাপূর্বক কোনবুপ সংশোধনী না থাকায় তা নিশ্চিত বরা হয়।

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনার সারসংক্ষেপ	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষা সংক্রান্ত:	অপরাধ বিবরণী পর্যালোচনায় অফিসার ইনচার্জ জানান ঝিকরগাছা উপজেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি পূর্বের চেয়ে অনেক ভাল আছে। তিনি আরও বলেন আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল আইন-শৃঙ্খলা বাহিনীকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে। অপরাধের স্থানসমূহ চিহ্নিত করতে হবে। তাছাড়া প্রয়োজনে বিভিন্ন স্থানে পুলিশ টহল জোরদার করতে হবে। এছাড়াও খুন, চাঁদাবাজি, চুরি-ডাকাতি ও ছিনতাই বন্ধসহ কোন অভিযোগের সুনির্দিষ্টতা থাকলে পুলিশ বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। কিশোরগ্যাং প্রতিরোধে স্কুল কলেজে অভিভাবক সমাবেশের আয়োজন করতে হবে। নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখাসহ পণ্যের সরবরাহ ও যোগান অব্যাহত রাখার জন্য ব্যবসায়ীদের সিন্ডিকেট সৃষ্টির প্রচেষ্টা রোধকল্পে বাজার মনিটরিং জোরদার করতে হবে। বিশেষ করে সরকার নির্ধারিত হারে দ্রব্যসামগ্রী বিক্রয় হচ্ছে কিনা তা তদারকি করতে হবে। সড়ক দুর্ঘটনার স্থানসমূহ চিহ্নিত করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। একই সাথে রাস্তায় ফিটনেস ও লাইসেন্স বিহীন	১। সার্বক্ষণিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে আইন-শৃঙ্খলার সাথে সংশ্লিষ্ট সবাই তৎপর থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। কিশোর গ্যাং প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টি করে সংশ্লিষ্ট সকলের মাধ্যমে তাদের মা, বাবাবা অভিভাবকদের অবহিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ৩। সরকার নির্ধারিত মূল্যে পণ্যসামগ্রী বিক্রিসহ সরকারি নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট সকলকে নিয়মিত বাজার তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এন্ড্রিকিউটিভ ম্যাজিস্ট্রেট ঝিকরগাছা, যশোর। ২. অফিসার-ইন-চার্জ, ঝিকরগাছা থানা ৩. উপজেলা আনসার ও ডিডিপি কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর।

		মানবচন চালানোর ক্ষেত্রে আইনগত পরামর্শ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। অপ্রাপ্ত বয়স্ক ছেলেরা বেশরোহাঙ্কাবে ঘোড়ামটিকেই চালানোর ফলে প্রচণ্ড আলাকাজিক সড়ক দুর্ঘটনা ঘটবে। ফলে সর্বসাধারণের আকর্ষণ ঘূর্ণ করাসহ সড়ক দুর্ঘটনা প্রতিরোধ অভিযান পরিচালনা করতে হবে। কিপি উপজেলায় আইন শৃঙ্খলা রক্ষার নিমিত্তে সংশ্লিষ্টদের সহযোগিতা সংগ্রহ করেন।		
২	তামাক নিয়ন্ত্রণ কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকাঃ	উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি বলেন তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে তামাকজাত দ্রব্য বিক্রয়কারী প্রতিষ্ঠানকে ট্রেড লাইসেন্সের আওতায় আনতে হবে এবং শিক্ষণ প্রতিষ্ঠানের ১০০ মিটারের ভিতর কোন তামাক বিক্রয়কারী প্রতিষ্ঠান থাকবে না। ১৮ বছরের নিচেই কোন শিশুদের দ্বারা তামাকজাত দ্রব্য বহন ও তাদের কাছে বিক্রয় করা যাবে না। পরিশেষে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন করার জন্য স্থানীয় সরকার প্রতিষ্ঠান নির্দেশিকা অনুসরণের আহবান জানান। তামাকজাত দ্রব্য ব্যবহার জনস্বাস্থ্য, অর্থনীতি ও পরিবেশের জন্য মারাত্মক ক্ষতিকর। বিপুল জনসংখ্যা, দারিদ্র এবং শিক্ষণ ও সচেতনতার অভাবের কারণে বিশ্বের সর্বোচ্চ তামাকজাত পণ্য ব্যবহারকারী দশটি দেশের মধ্যে বাংলাদেশ অন্যতম। বিভিন্ন পাবলিক প্রেস ও পাবলিক পরিবহনে ধূমপান না করেও পরোক্ষভাবে ধূমপানের শিকার হচ্ছে বহু মানুষ। আইন অনুযায়ী পাবলিক প্রেস ও পাবলিক পরিবহনে ধূমপান নিষিদ্ধ এবং সতর্কতামূলক নোটিশ প্রদর্শন বাধ্যতামূলক। এছাড়া তামাকজাত দ্রব্যের সকল প্রকার বিজ্ঞাপন, প্রচার-প্রচারণা নিষিদ্ধ। সকল পাবলিক প্রেস ও পাবলিক পরিবহনে তামাকজাত দ্রব্য ব্যবহারের মাত্রা হ্রাস করে জনসাধারণকে পরোক্ষ ধূমপানের ক্ষতিকর প্রভাব থেকে রক্ষার ক্ষেত্রে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করে।	১. পাবলিক প্রেস ও পাবলিক পরিবহন ধূমপানমুক্ত রাখা, ২. পাবলিক প্রেস ও পাবলিক পরিবহনে ধূমপানমুক্ত সতর্কতামূলক নোটিশ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৩. অপ্রাপ্ত বয়স্কদের (১৮ বছরের নিচে) নিকট এবং অপ্রাপ্ত বয়স্কদের দ্বারা তামাকজাত দ্রব্য ক্রয়/বিক্রয় বন্ধ করা, সিদ্ধান্ত গৃহীত হয়।	১. প্রশাসক, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর ২। উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট, ঝিকরগাছা, ৩। সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, ঝিকরগাছা, যশোর ৪। অফিসার ইনচার্জ, ঝিকরগাছা, যশোর ৫। সভাপতি, ঝিকরগাছা প্রেস ক্লাব, ৬। সমন্বয়কারী, এনজিও(সকল), ঝিকরগাছা, যশোর।
৩	বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতনসহ মানব পাচার রোধঃ	উপজেলায় বাল্য বিবাহ বন্ধের জন্য বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বাল্য বিবাহের সাথে জড়িত কাজীদের শাস্তির আওতায় আনা হয়েছে। বাল্যবিবাহ প্রতিরোধ করার জন্য স্কুল-কলেজ ও মাদ্রাসার শিক্ষক ও অভিভাবকদের সচেতনমূলক সভা করাসহ উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন রোধে গঠিত কমিটিগুলোকে আরও বেশি তৎপর হতে হবে।	১. এনজিও প্রতিষ্ঠান কর্তৃক বাল্যবিবাহের কুফল বা প্রতিরোধ সংক্রান্ত তথ্য প্রমাণকের ভিডিও চিত্র পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। ২. প্রতি শুক্রবারে জুম্মার নামাজের খুৎবাতে ইমাম সাহেবগণ আবশ্যিকভাবে বাল্য	১। অফিসার-ইন-চার্জ, ঝিকরগাছা থানা ২। চেয়ারম্যান/প্রশাসক (সকল), ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর ৩। মহিলা বিষয়ক কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর।

			বিবাহ, যৌতুক, মাদক- জুয়া, সন্ত্রাস ও জাঙ্গীবাদের কুফল সম্পর্কে আলোচনা করবেন	
--	--	--	--	--

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


 উপজেলা নির্বাহী অফিসার
 বিকরগাছা, যশোর।

ও
 সভাপতি
 উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি।

স্মারক নং: ৪৪.০৩.৪১২৩.০০৭.০৮.২৩.২৪-১৩২

তারিখ: ২১ অক্টোবর ২০২৪ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এলেকট্রিকিটিভ ম্যাজিস্ট্রেট, বিকরগাছা, যশোর।
- ২। প্রশাসক, বিকরগাছা পৌরসভা, যশোর।
- ৩। অফিসার ইন-চার্জ, বিকরগাছা থানা/ নাভারণ হাইওয়ে থানা, বিকরগাছা, যশোর।
- ৪। উপজেলা..... অফিসার, বিকরগাছা, যশোর।
- ৫। প্রশাসক/চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা..... (সকল) ইউনিয়ন পরিষদ, বিকরগাছা, যশোর
- ৬। অফিস কপি।



মোহা: আনোয়ারা খাতুন
 উপজেলা মহিলা প্রশিক্ষিকা
 পক্ষে
 উপজেলা আনসার ও ডিডিপি কর্মকর্তা
 বিকরগাছা, যশোর।
 ও
 সদস্য সচিব
 উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি